

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
[ মূল্য সংযোজন কর ]  
প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৪/০৫ ডিসেম্বর ২০০৭

এস, আর, ও নং ২৭৫-আইন/২০০৭/৪৮৫-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১২৬-আইন/২০০৭/৪৭১-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ (আমদানি পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ২৭.১০ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) ২৭১০.১৯.২১ ও ২৭১০.১৯.২২ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ অগ্রহায়ণ, ১৪১৪ বঙ্গাব্দ/২৫ নভেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আবদুল মজিদ  
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ৮৬১৭ )

মূল্য ঃ টাকা ২.০০